



## 203192 - শিশুর খতনা বা মুসলমানি উপলক্ষে অনুষ্ঠান করার হুকুম

প্রশ্ন

প্রশ্ন: মরক্কোর অধিবাসীদের মধ্যে শিশুর খতনা উপলক্ষে অনুষ্ঠান করার প্রথা চালু আছে। এই অনুষ্ঠান করা কিস্তি সুন্যত; না বদিআত?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।

সমস্ত প্রশংসা আল্লাহর জন্য। আনন্দ-উচ্ছ্বাস প্রকাশ ও আল্লাহর নয়ামত ও অনুগ্রহের কৃতজ্ঞতা স্বরূপ নবজাতককে খতনা উপলক্ষে ওলমি বা ভোজ অনুষ্ঠানের আয়োজন করতে দোষের কিছু নাই। ইবনে কুদামা (রহঃ) মুগনি গ্রন্থে (৭/২৮৬) বলেন:

খতনা উপলক্ষে দাওয়াত করা এবং বয়ি ছাড়াও যেকোন উপলক্ষে খাওয়ার দাওয়াত করা মুস্তাহাব। যহেতে এর মাধ্যমে খাদ্য খাওয়ানোর নকে আমল অর্জিত হয়। এ ধরনের দাওয়াত গ্রহণ করাও মুস্তাহাব; তবে ওয়াজবি নয়। এটি ইমাম মালকে, শাফয়ে, আবু হানফি ও তাঁর ছাত্রদের অভিমত।

যে কোন দাওয়াতকারীর দাওয়াত গ্রহণ করা মুস্তাহাব। যহেতে দাওয়াত গ্রহণ করলে দাওয়াতকারীর কাছে ভাল লাগে, তার মন প্রশান্ত হয়। ইমাম আহমাদকে একবার খতনার অনুষ্ঠানে দাওয়াত করা হলে তিনি দাওয়াত গ্রহণ করেন এবং খাবার খান। তবে এ ধরনের দাওয়াত খাওয়ানোর বিশেষ কোন ফজলিত নাই। যহেতে এ ব্যাপারে বিশেষ কোন শরয়ি দলিল উদ্ভূত হয়নি। কোন কারণ ছাড়া দাওয়াত খাওয়ানোর সাধারণ যেকোন মর্যাদা এ আয়োজনেরও সের মর্যাদা। যদি দাওয়াতকারী এর মাধ্যমে আল্লাহর নয়ামতের কৃতজ্ঞতা প্রকাশ ও মুসলমান ভাইদের খাবার খাওয়ানোর আমল পালনের উদ্দেশ্য করে, স্বীয় খাদ্যসামগ্রী ব্যয় করার নিয়ত করে তাহলে আল্লাহ চাহতে তিনি সের সওয়াব পাবেন। সংক্ষেপে ও সমাপ্ত ফতোয়া বিষয়ক স্থায়ী কমিটির আলমেগণ বলেন:

খতনা উপলক্ষে আনন্দ ও খুশি প্রকাশ করা ইসলাম শরিয়তের দাবী। যহেতে খতনা ইসলাম প্রিয় বিষয়ের অন্তর্ভুক্ত। আল্লাহ তাআলা বলেছেন: “বল, আল্লাহর অনুগ্রহ ও রহমত। সুতরাং এ নিয়তই যেন তারা খুশি হয়। এটি যা তারা সঞ্চার করে রাখতে তা থেকে উত্তম।” [সূরা ইউনুছ, আয়াত: ৫৮]। নিঃসন্দেহে খতনা আল্লাহর রহমত ও অনুগ্রহের অন্তর্ভুক্ত। অতএব, আল্লাহর কৃতজ্ঞতা স্বরূপ এ উপলক্ষে ভোজ অনুষ্ঠানের আয়োজন করতে কোন আপত্তি নাই। সমাপ্ত [ফাতাওয়াল লাজনাহ আদদায়মি (ফতোয়া বিষয়ক স্থায়ী কমিটির ফতোয়াসমগ্র), খণ্ড-৫; পৃষ্ঠা-১৪২]



আরও জানতে পড়ুন প্রশ্ন নং (14624) ও প্রশ্ন নং ()। আল্লাহই ভাল জানেন।